

🗏 আন-নূর | An-Nur | ٱلنُّور

আয়াতঃ ২৪:৩৮

💵 আরবি মূল আয়াত:

যাতে তাদের কৃত উত্তম আমলের জন্য আল্লাহ তাদেরকে প্রতিদান দেন এবং তিনি স্বীয় অনুগ্রহে তাদেরকে আরো বাড়িয়ে দেন। আর আল্লাহ যাকে ইচ্ছা করেন অপরিমিত রিক্ষ দান করেন। — আল-বায়ান

(তারা এভাবে আল্লাহর ইবাদাত করে) যাতে আল্লাহ তাদেরকে পুরস্কৃত করেন তাদের উত্তম কার্যাবলী অনুসারে আর নিজ অনুগ্রহে আরো অধিক দেন, কারণ আল্লাহ যার জন্য ইচ্ছে করেন অপরিমিত রিযক্ দান করেন। — তাইসিক্ল

যাতে তারা যে কাজ করে তজ্জন্য আল্লাহ তাদেরকে উত্তম পুরস্কার দেন এবং নিজ অনুগ্রহে তাদের প্রাপ্যের অধিক দেন; আল্লাহ যাকে ইচ্ছা অপরিমিত জীবিকা দান করে। — মুজিবুর রহমান

That Allah may reward them [according to] the best of what they did and increase them from His bounty. And Allah gives provision to whom He wills without account. — Sahih International

৩৮. যাতে তারা যে উত্তম কাজ করে তার জন্য আল্লাহ তাদেরকে পুরস্কার দেন(১) এবং তিনি নিজ অনুগ্রহে তাদের প্রাপ্যের বেশী দেন। আর আল্লাহ যাকে ইচ্ছে অপরিমিত জীবিকা দান করেন।

(১) আল্লাহ্ তা'আলা তাদেরকে তাদের কর্মের উৎকৃষ্টতম প্রতিদান দেবেন। অর্থাৎ শুধু কর্মের প্রতিদানই শেষ নয়; বরং আল্লাহ নিজ কৃপায় তাদেরকে বাড়তি নেয়ামতও দান করবেন। [মুয়াস্সার]

তাফসীরে জাকারিয়া

- (৩৮) যাতে তারা যে সৎকাজ করে, তার জন্য আল্লাহ তাদেরকে উত্তম পুরস্কার দেন এবং নিজ অনুগ্রহে তাদের প্রাপ্যের অধিক দেন। আর আল্লাহ যাকে ইচ্ছা অপরিমিত জীবিকা দান করেন। [1]
 - [1] কিয়ামত দিবসে মু'মিনদের নেকীর প্রতিদান বহুগুণ বেশি করে দেওয়া হবে। অনেককেই বিনা হিসাবে জান্নাতে প্রবেশ করানো হবে। আর সেখানে জীবিকার পর্যাপ্তি এবং তার প্রকার ও স্বাদের যে বিভিন্নতা থাকবে,





অনুমানে তার কল্পনা করা সম্ভব নয়।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2829

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন